# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ কামাল তার মামার সাথে জাতীয় গণগ্রন্থাগারে যায়। সেখানে সে বিভিন্ন বইপত্র পড়ে। বিজ্ঞানের ছাত্র হলেও কামালের ইতিহাসের বই ভালো লাগে। সে বিভিন্ন উৎস থেকে ইতিহাসের বইপত্র সংগ্রহ করে পড়ে। তার বাবা তাকে ধমক দিয়ে বললেন, শুধু শুধু এই বই পড়ে তুমি সময় নষ্ট করছ কেন?

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১

খ. অলিখিত বা প্রত্নতাত্ত্বিক উপাদান বলতে কী বোঝ? ২

গ. কামাল জাতীয় গণগ্রন্থাগারে ইতিহাসের কোন ধরনের উপাদান দেখতে পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি কামালের বাবার মানসিকতার সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

২. ▶ সামিন তার বাবার সাথে মিশর বেড়াতে যেয়ে প্রাচীন স্থাপত্য দেখে মুগ্ধ হয়। ঐ সময়ের ইতিহাস থেকে জানতে পারল সে সময়ের রাজারা তাদের দেহকে তাজা রাখার জন্য বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে সুরক্ষিত রাখতে ঐ ধরনের স্থাপত্য নির্মাণ করত।

ক. সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? ১

খ. সিন্ধু সভ্যতাকে কেন নগর সভ্যতা বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সামিনের দেখা স্থাপত্য কোন সভ্যতার পরিচয় দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত সভ্যতার অন্যতম আবিষ্কার ছিল লিখন পদ্ধতি'— উক্তিটির মূল্যায়ন কর। ৪

৩. ▶



ক. স্বত্ববিলোপ নীতি কে প্রয়োগ করেন? ১

খ. ১৯৫৭ সালের সিপাহী বিদ্রোহকে প্রথম ভারতীয় স্বাধীনতা সংগ্রাম বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে যার ছবি তার ঐতিহাসিক প্রস্তাবনার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উক্ত ব্যক্তির ঐতিহাসিক প্রস্তাব কংগ্রেস নেতাদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল— বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. ▶ সদ্য স্বাধীন বাংলাদেশের সংবিধান রচনায় ১৯৭২ সালের ২৩ মার্চ গণপরিষদ আদেশ জারি করে সরকার। আওয়ামী লীগ বঙ্গবন্ধুকে গণপরিষদের দলীয় নেতা নির্বাচন করে। মাত্র ১০ মাসের মধ্যে ড. কামাল হোসেনের নেতৃত্বে বাংলাদেশের সংবিধান রচিত হয়। কিন্তু ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে সপরিবারে নির্মমভাবে হত্যা করা হয় এবং এরপর একটি কালো কানুন জারি করা হয়।

ক. বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে ছাত্রদের ভূমিকা লেখ। ২

গ. স্বাধীনতার পর সর্বপ্রথম কেন সংবিধান রচনা করা হয়েছিল? বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে কোন কালো কানুনের কথা বলা হয়েছে? এই ধরনের আইন রাষ্ট্রে নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করে– বিশ্লেষণ কর। ৪

৫. ▶

| বিষয় | পূর্ব পাকিস্তান | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|
| মন্ত্রণালয়ের কর্মকর্তা | ১১৯ জন | ৯৫৪ জন |
| কেন্দ্রীয় সরকারের কর্মকর্তা | ২৯০০ জন | ৪২০০০ জন |
| গেজেটেড কর্মকর্তা | ১৩৩৮ জন | ৩৭০৮ জন |
| ননগেজেটেড কর্মকর্তা | ২৬৩১০ জন | ৮২৯৪৪ জন |

ক. আইয়ুব খান কার নিকট ক্ষমতা হস্তান্তর করেন? ১

খ. মৌলিক গণতন্ত্রের কাঠমো কীরূপ ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ছকে পাকিস্তানি আমলে পূর্ব পাকিস্তানের প্রতি কোন ধরনের বৈষম্য প্রদর্শন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত বৈষম্যই বাঙালির স্বাধিকার আন্দোলনের একমাত্র কারণ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ জনাব জামাল মজুমদার পৃথিবীর বিভিন্ন জনপদ সম্পর্কে জানতে ইতিহাসের একটি বই কেনেন। তিনি পাল রাজাদের আমলে যে জনপদটির নামডাক সবচেয়ে বেশি ছিল তার সম্পর্কে অনেক অজানা তথ্য বইটি পড়ে জানতে পারেন। এক সময় এটি শশাংকের রাজধানী ছিল। শুধু তাই নয়, শশাংকের পরবর্তীকালে আরও অনেকের রাজধানী ছিল এ প্রাচীন জনপদটি।

ক. উয়ারী-বটেশ্বর কোথায় অবস্থিত? ১

খ. ইতিহাসের বিষয়বস্তু-ব্যাখ্যা কর। ২

গ. জামাল মজুমদারের পঠিত বইটিতে প্রাচীন বাংলার যে জনপদের প্রতিচ্ছবি প্রকাশিত তার বর্ণনা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত জনপদটি এক সময় সমগ্র বাংলাদেশকে নিয়েই পরিচিত ছিল? পাঠ্য পুস্তকের আলোকে মতামত দাও। ৪

৭. ▶ আরিফুল হক একজন সামরিক শাসক। তিনি বেশ কয়েক বছর তার দেশ শাসন করেন। প্রথমদিকে তিনি ছিলেন দেশটির সামরিক প্রশাসক আর

http://teachingbd.com

পরবর্তীতে তিনি হয়েছিলেন দেশটির রাষ্ট্রপতি। এক সময় তিনি দেশটির জাতীয় সংসদ বাতিল করেছিলেন।


ক. একটি রাষ্ট্রের সর্বোচ্চ দলিল কী? ১

খ. জেনারেল জিয়ার গণশিক্ষা কার্যক্রমের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকের অনুরূপ বাংলাদেশের একজন রাষ্ট্রপতির প্রশাসনিক সংস্কারের ব্যাখ্যা দাও। ৩

ঘ. বাংলাদেশের অনুরূপ একজন রাষ্ট্রপতি নিজেকে জনদরদি নেতা হিসেবে উপস্থাপনের চেষ্টা করেছেন— বিশ্লেষণ কর। ৪

৮. ▶



ক. মুক্তিযুদ্ধে কতজন নারী বীরপ্রতীক খেতাব অর্জন করেন? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব লেখ। ২

গ. প্রদর্শিত চিত্রে কোন ঘটনার ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনায় ঢাকা শহর পরিণত হয় মৃত্যুপুরীতে— বিশ্লেষণ কর। ৪

৯. ▶ বাংলাদেশের ইতিহাসে ট্রাজিক হিরোর সংখ্যাই বেশি। হক, ভাসানী, সোহরাওয়ার্দী ছিলেন ঐতিহাসিক যুক্তফ্রন্টের বিজয়ের তিন কাণ্ডারি। অথচ তাদের রাজনৈতিক জীবনের পরিসমাপ্তি ঘটেছে ট্রাজিক পরিণতিতে। তবে এদেশের সবেচেয়ে বড় ট্রাজেডির শিকার হয়েছেন জাতির সবচেয়ে বড় নেতা। এ দেশের মহান মুক্তিযুদ্ধ এই মহান নেতার নামেই পরিচালিত হয়েছিল। বিবিসির জরিপে এই ট্রাজিক হিরোই হয়েছেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি।

ক. বাংলাদেশের স্বাধীনতা দিবস কত তারিখে? ১

খ. ১৯৭২ সালের সংবিধানের মূলনীতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মহান নেতার দায়িত্বকালীন সময়ে দেশের সার্বিক অবস্থা ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশ পুনর্গঠন ও পুনর্বাসন কার্যক্রমে উক্ত নেতার ভূমিকা ছিল অপরিসীম- তুমি কি এ বক্তব্যের সঙ্গে একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ১ ৫ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'ইতিহ' শব্দের অর্থ কী?
ক) ইতিহাস খ) ঐতিহ্য
গ) সভ্যতা ঘ) সংস্কৃতি

২. কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শন থেকে জানা যায় যে বাংলাদেশে আড়াই হাজার বছর পূর্বেও নগর সভ্যতার অস্তিত্ব ছিল?
ক) মহাস্থানগড় খ) ময়নামতি
গ) ওয়ারি বটেশ্বর ঘ) পাহাড়পুর

৩. কার গ্রন্থে গৌড়ের শিল্প ও কৃষিজাত দ্রব্যের উল্লেখ পাওয়া যায়?
ক) হর্ষ বর্ধন খ) বরাহ মিহির
গ) পানিনি ঘ) কৌটিল্য

৪. বর্তমান বাংলাদেশের পূর্ব ও দক্ষিণ-পূর্ব দিকে কোন জনপদ গড়ে উঠেছিল?
ক) বঙ্গ খ) গৌড়
গ) পুণ্ড্র ঘ) সমতট

৫. শশাঙ্ক ও পাল রাজারা নিজেদের যা বলে পরিচয় দিতেন—
i. পুণ্ড্রেশ্বর
ii. গৌড়েশ্বর
iii. রাঢ়াধিপতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. প্রাচীন কর্ণসুবর্ণের বর্তমান নাম কী?
ক) উড়িষ্যা খ) মেদিনিপুর
গ) হুগলী ঘ) মুর্শিদাবাদ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

মুরাদ নগর অঞ্চলের শাসকের দুর্বলতার সুযোগে সে অঞ্চলের প্রভাবশালী ব্যক্তিবর্গ প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করে। বিদ্রোহী নেতারা শাসককে হত্যা করে নিজেদের শাসন প্রতিষ্ঠা করে।

৭. উদ্দীপকের ঘটনার সাথে প্রাচীন বাংলার কোন ঘটনার মিল রয়েছে?
ক) ত্রিশক্তির সংঘর্ষ খ) কৈবর্ত বিদ্রোহ
গ) শশাঙ্কের গৌড় জয় ঘ) অশোকের পুণ্ড্র বিজয়

৮. উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে বিদ্রোহীদের দমন করতে—
i. পার্শ্ববর্তী রাজ্যের শাসকগণ এগিয়ে আসেন
ii. উক্ত অঞ্চলের পরবর্তী শাসক একাই সচেষ্ট হন
iii. পরবর্তী শাসক বিদ্রোহ দমনে সফল হন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. ইন্দ্রগুপ্তকে নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত করেছিলেন কে?
ক) ধর্মপাল খ) রামপাল
গ) দেবপাল ঘ) মহীপাল

১০. বল্লাল সেনের কোন অসমাপ্ত গ্রন্থ সমাপ্ত করেন পুত্র লক্ষণ সেন?
ক) দান সাগর খ) অদ্ভুত সাগর
গ) পবনদূত ঘ) গীত গোবিন্দ

১১. প্রাচীন বাংলার নিষাদ জাতিগোষ্ঠীর ভাষা কী ছিল?
ক) সংস্কৃত খ) পালি
গ) অস্ট্রিক ঘ) অপভ্রংশ

১২. জৈন ধর্মের প্রবর্তক কে?
ক) বর্ধমান মহাবীর খ) গৌড়রাজ শশাঙ্ক
গ) ভাস্কর বর্মা ঘ) সম্রাট অশোক

১৩. বাঙালিকে সংকর জাতি বলা হয় কেন?
ক) বিভিন্ন সংস্কৃতির মিশ্রণের কারণে
খ) জন প্রকৃতিতে বিভিন্ন মানবগোষ্ঠীর ধারা মিলিত হয়েছে বলে
গ) বাঙালির গায়ের রঙের বৈচিত্র্যের কারণে
ঘ) বিভিন্ন ভাষার মিশ্রণের কারণে

১৪. প্রাচীন বাংলার প্রধান বাহন ছিল—
i. নৌকা
ii. গরুর গাড়ি
iii. ঘোড়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. বাংলাদেশের নাম 'বুলগাকপুর' দিয়েছিলেন কে?
ক) গিয়াসউদ্দিন ইয়াজ খলজি
খ) রাজা গণেশ
গ) জিয়াউদ্দিন বারানি
ঘ) মিনহাজ-উস-সিরাজ

১৬. বাংলার কোন সুলতানের পিতা আরব দেশ থেকে এসে বাংলায় বসবাস শুরু করেন?
ক) বরবক শাহ খ) ইউসুফ শাহ
গ) নাসির খান ঘ) আলাউদ্দিন হুসেন শাহ

১৭. আফগান শাসক দাউদ কররানি—
i. নিজ নামে খুৎবা পাঠ করেন
ii. নিজেকে সম্রাট আকবরের সমকক্ষ ভাবেন
iii. নিজ নামে মুদ্রা জারি করেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. 'বর্গী' বলা হতো কাদের?
ক) আরাকানী জলদস্যুদের
খ) মারাঠি দস্যুদের
গ) মঙ্গোলীয় দস্যুদের
ঘ) মগ জলদস্যুদের

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

'ক' অঞ্চলের শাসকগণ প্রত্যেকেই উচ্চাভিলাসী হওয়ায় বেশি দিন টিকে থাকতে পারল না। অল্প কয়েক বছরের মধ্যেই তাদের শাসনের পতন ঘটে।

১৯. উদ্দীপকে বর্ণিত শাসকদের পুস্তকের কোন দেশের শাসকদের মিল রয়েছে?
ক) হুসেন শাহী খ) ইলিয়াস শাহী
গ) হাবসী ঘ) কররানি

Teachingbd.com

২০. উক্ত শাসকদের পতনের প্রধান কারণ—
i. অবিচার
ii. বিদ্রোহ
iii. ষড়যন্ত্র
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. শায়েস্তা খানের আমলে বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূলে ছিল—
i. কৃষির প্রসার
ii. শিল্পের প্রসার
iii. বাণিজ্যের প্রসার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. মধ্যযুগে বাংলার বণিকেরা চীন থেকে কী আমদানি করতো?
ক) রেশম খ) তুলা
গ) শৌখিন দ্রব্য ঘ) স্বর্ণ

২৩. বাগেরহাটের 'ষাটগম্বুজ মসজিদের' গম্বুজ সংখ্যা কত?
ক) ষাটটি খ) সাতাত্তরটি
গ) আশিটি ঘ) চুরাশিটি

২৪. ইসলাম খান কেন তার রাজধানী ঢাকায় স্থানান্তর করেন?
ক) জমিদারদের আনুগত্য লাভের আশায়
খ) রাজধানীর নিরাপত্তা বিধানে
গ) বার ভুঁইয়াদের দমন করতে
ঘ) মুসা খানকে দমন করতে

২৫. সিরাজউদ্দৌলা কত বছর বয়সে নবাবের ক্ষমতা গ্রহণ করেন?
ক) ১৮ খ) ২০
গ) ২১ ঘ) ২২

২৬. ১৭৯৩ খ্রিস্টাব্দে বাংলায় 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করেন কে?
ক) লর্ড ক্লাইভ খ) লর্ড ডালহৌসী
গ) লর্ড কর্ণওয়ালিস ঘ) লর্ড ওয়ারেন হেস্টিংস

২৭. ব্রিটিশ বিরোধী ফকির-সন্ন্যাসী আন্দোলনে সন্ন্যাসীদের নেতা কে ছিলেন?
ক) মজনু শাহ খ) তিতুমীর
গ) ভবানী পাঠক ঘ) মাদার বকস

২৮. ইংরেজরা এদেশে কোন বাণিজ্যিক ফসল উৎপাদনে আগ্রহী হয়?
ক) ধান খ) গম
গ) নীল ঘ) যব

২৯. 'দারুল হারব' অর্থ কী?
ক) দারুন সুন্দর খ) অতি মনোহর
গ) অতি বিবাদময় ঘ) যুদ্ধরত দেশ

৩০. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কয়টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন?
ক) ২০টি খ) ২৫টি
গ) ৩০টি ঘ) ৩৫টি

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:

সাবরিনা একুশের বইমেলা থেকে একটি বই কিনে। বইটিতে বাংলাদেশের সর্বোচ্চ আইন, মূলনীতি, মৌলিক অধিকার ও প্রশাসনিক গঠন ইত্যাদির উল্লেখ রয়েছে।

৩১. সাবরিনার কেনা বইটি কোন বিশেষ বই।
ক) আইনের বই খ) প্রাচীন নথি পত্র
গ) সংবিধান ঘ) প্রশাসনিক পান্ডুলিপি

৩২. উক্ত বইয়ের মূলনীতি—
i. গণতন্ত্র
ii. সমাজতন্ত্র
iii. বাণিজ্যের প্রসার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৩. যুক্তফ্রন্ট কয়টি রাজনৈতিক দলের সমন্বয়ে গঠিত হয়?
ক) ৪টি খ) ৬টি
গ) ৮টি ঘ) ১০টি

৩৪. কাকে বাঙালির 'মুক্তির সনদ' বলে আখ্যায়িত করা হয়?
ক) ১৯৫৬ সালের সংবিধানকে
খ) ৬ দফা কর্মসূচিকে
গ) ১১ দফা দাবিকে
ঘ) ১৯৭২ সালের সংবিধানকে

৩৫. বাঙালি বুদ্ধিজীবী হত্যার প্রধান দায়িত্ব স্বাধীনতা বিরোধী কোন বাহিনীর উপর ছিল?
ক) জামায়াতে ইসলামী খ) শান্তি কমিটি
গ) আল বদর ঘ) আল শামস

৩৬. মুক্তিযুদ্ধে বীরত্বের স্বীকৃতি স্বরূপ 'বীর প্রতীক' খেতাব অর্জনকারী নারী—
i. শাহেরা বানু ii. তারামন বিবি
iii. ডাক্তার সিতারা বেগম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য হিসেবে যোগদান করে?
ক) ১৩০ খ) ১৩৩
গ) ১৩৬ ঘ) ১৩৮

৩৮. কার নেতৃত্বে ১৯৭৫ সালের ৬ নভেম্বর খালেদ মোশাররফের বিরুদ্ধে অভ্যুত্থান শুরু হয়?
ক) জিয়াউর রহমান খ) কর্নেল তাহের
গ) খন্দকার মোশতাক ঘ) এইচ এম এরশাদ

৩৯. প্রেসিডেন্ট জিয়াউর রহমানের গণশিক্ষা কর্মসূচি সফল হয়নি—
i. যথাযথ পরিকল্পনার অভাবে
ii. যথাযথ সমন্বয়ের অভাবে
iii. প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. কার সময়কে গ্রিক সভ্যতার স্বর্ণযুগ বলা হয়?
ক) সোলনের খ) পেরিক্লিসের
গ) পিসিসট্রটাসের ঘ) ক্লিথেনিসের

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com